

- ২। দেশে মানুষ থাকলে পরে অবিচার হয় কেমন করে,
দেশ গেল ভাই ছারখারে অবিচারের দোষে ।
কেবল বসে আছে মাত্র সম্পত্তিবান ঠেসে,
গরীব লেকের ভাঙ্গা কপাল তাদের চোখের জলে
বক্ষ ভাসে ॥
- ৩। দেশী ভা'র চক্ষু কানা আপনারই দোষ দেখে না,
সদায় করে কুটনাপানা, পরকে বেড়ায় হেসে ।
সে ত পাড়ায় পাড়ায় ঘুরে বেড়ায়, পরের দোষ উদ্দেশ্যে,
হায়রে আপনার বিচার করতে নারে,
পরের বিচার ভালবাসে ॥
- ৪। দলাদলি ঘরে ঘরে এ দেশে রয় কেমন করে,
ইচ্ছা হয় এ দেশ ছেড়ে চলে যাই বিদেশে ।
কেবল বসে আছি মাত্র গুরুর চরণ পাবার আশে,
দয়াময় তোমার সৃষ্টি, তোমার দৃষ্টি থাকে যেন সমাবেশে ॥

৩৫৩

বিলাপ

৩৯ নং

তাল—একতালা

- কোথায় রে কাঙ্গালের হরি, একবার দেখা দেও আমারে ।
তুমি সাধনের ধন চিন্তামণি (তোমায়) না দেখিলে প্রাণ বিদরে ॥
- ১। আমি অতি দীন হীনকাঙ্গাল, কোন সম্বল নাই গুরুচাঁদ
(আমার) এমনই কপাল ॥
আমার শক্তি ভক্তি নাই গুরুচাঁদ
কি দিয়ে পূজি তোমারে ॥